

জাতীয়

জুলাই গণঅভ্যুত্থানের চেতনায় আমরা জুলাই সনদকে বাস্তবায়ন করব: মুক্তিযুদ্ধমন্ত্রী

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান বলেছেন, জুলাই গণঅভ্যুত্থানের চেতনায় আমরা বাংলাদেশকে গণতান্ত্রিক সমৃদ্ধ বাংলাদেশ হিসেবে পুনর্নির্মাণ করবো। এই জুলাই গণঅভ্যুত্থানের চেতনায় আমরা জুলাই সনদকে বাস্তবায়ন করবো।

বুধবার (৫ আগস্ট) [জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬] উপলক্ষে শাহবাগ জুলাই স্মৃতি স্তম্ভে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন শেষে গণমাধ্যমের মুখোমুখি হয়ে এ কথা বলেন মন্ত্রী।

তিনি বলেন, জুলাই গণঅভ্যুত্থানে বিএনপিসহ যে সকল রাজনৈতিক নেতৃবৃন্দ এবং রাজনৈতিক দল দীর্ঘ ১৮ বছর মাঠে থেকে আন্দোলন সংগ্রামে জুলাই গণঅভ্যুত্থানকে তৈরি করেছেন, সৃষ্টি করেছেন এবং ছাত্র-জনতা-পুরো জাতিকে সহযোগিতা করেছেন, আজ তারা যেন দ্বিধা বিভক্ত না হন। তারা যেন সামান্য নিজ স্বার্থে জাতিটাকে আর দ্বিধা-বিভক্ত না করেন।

তিনি আরও বলেন, একটা সমৃদ্ধ গণতান্ত্রিক জাতি গঠনে সকলের ভূমিকা এবং অংশগ্রহণ আমরা প্রত্যাশা করি। কেউ যদি মনে করেন যে ওই ফ্যাসিবাদের মতোই আচরণ করে এই দেশটাকে দ্বিধা-বিভক্ত করবেন, জনগণ তা মেনে নেবে না। জনগণ এখন সমৃদ্ধি চায়, গণতন্ত্র চায়, কথা

বলার অধিকার প্রতিষ্ঠিত হয়েছে, তারা কথা বলতে চায়।

আহমেদ আযম খান বলেন, তারেক রহমান এখন যেমন প্রধানমন্ত্রী হয়ে দেশ গড়ার যাত্রা শুরু করেছেন পুরো জাতিকে সাথে নিয়ে, তেমনি আমাদের নেতা তারেক রহমান এই জুলাই গণঅভ্যুত্থানে নেতৃত্ব দিয়েছেন নিরলসভাবে।

এ বিভাগের আরও খবর



গাজীপুরে গার্মেন্টসে আগুন: আটকেপড়া ৬৯ জনকে অসুস্থ অবস্থায় উদ্ধার
গাজীপুরের ভেণিস চালা এলাকায় একটি তৈরি পোশাক কারখানায় লাগা আগুনে কারখানার ভেতরে আটকেপড়া ৬৯ জনকে অসুস্থ অবস্থায় উদ্ধার করেছে ফায়ার সার্ভিস। আ...



হাসিনাকে আশ্রয় দেওয়া ছাড়া ভারতের বিকল্প ছিল না: ভারতীয় হাইকমিশনার
২০২৪ সালের ৫ আগস্ট শেষ হাসিনাকে ভারতে আশ্রয় দেওয়া ছাড়া ভারতের হাতে তেমন কোনো বিকল্প ছিল না বলে মন্তব্য করেছেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার...



কঠোর নিরাপত্তায় রূপপুরে পৌঁছাল প্রথম ইউরেনিয়ামের চালান
কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে পৌঁছেছে ইউরেনিয়ামবাহী গাড়িবহর। আজ শনিবার (৩ অক্টোবর) দুপুর সাড়ে ১২টার দিকে গাড়িবহর...



চট্টগ্রাম বন্দরে ১৫০ টন বিপজ্জনক কেমিক্যাল ধ্বংস শুরু
চট্টগ্রাম বন্দরের নিরাপত্তা নিশ্চিত করা এবং কলটেইনার জট কমাতে দীর্ঘদিন পড়ে থাকা বিপজ্জনক কেমিক্যাল ধ্বংসের কার্যক্রম শুরু হয়েছে। এসব কেমিক্যাল...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/julai-gnobhjutthaner-chetnaji-amra-julai-sndke-bastbajni-krb-muktijuddhmntri>